



## বাংলাদেশ কৃষি ব্যাংক

মুখ্য আঞ্চলিক কার্যালয়

২০১ বঙ্গবন্ধু রোড, নারায়নগঞ্জ।

ফোন নং : ৭৬৩৪৬৬২, ৭৬৩০০৫৫

crmnarayangonj@krishibank.org.bd



মুজিব  
শতবর্ষ

মুজিব শতবর্ষের প্রতিশ্রুতি  
আঞ্চলিক পর্যায়ে অগ্রগতি

তারিখ: ১০-০৮-২০২০খ্রিঃ

বিকেবি/মুঃআঃকাঃনাঃ/প্রশা-০২/২০২০-২০২১/

বিষয়ঃ ২০২০-২০২১ অর্থ বছরে মাঠ পর্যায়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন  
অগ্রগতি সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ জাহিদ হোসেন, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, নারায়নগঞ্জ।  
তারিখ ও সময় : ১০.০৮.২০২০, বিকাল : ৪:০০ ঘটিকা  
স্থান : মুখ্য আঞ্চলিক কার্যালয়, নারায়নগঞ্জ  
উপস্থিতি : পরিশিষ্ট "ক"


০১। সভার প্রারম্ভে সভাপতি মহোদয় তার স্বাগত বক্তব্যে বৈশ্বিক মহামারি করোনা পরিস্থিতির মধ্যে কাজ করার জন্য সকল কর্মকর্তা/কর্মচারীদের ধন্যবাদ জানান। সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ আগামী ৩০.০৯.২০২০ তারিখের মধ্যে এবং ত্রৈমাসিক ভিত্তিতে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিয়মিতভাবে ওয়েবসাইটে আপলোড করার বিষয়ে আলোচনা হয়। ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশের বিষয়টি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নিয়মিত পরিবীক্ষণ করে সূচকের বিপরীতে মান নির্ণয় করা হবে। তাছাড়া ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিতব্য প্রধান কার্যালয়ের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির ত্রৈমাসিক সভায় ফিডব্যাক প্রদানের জন্য পর্যবেক্ষণ করা হবে। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনে প্রাপ্ত সূচক নিয়ে দেশের বৃহত্তর পরিসরে অনুষ্ঠিতব্য ব্যাংক সভায় পর্যালোচনা হয়। এজন্য সূচকের বিপরীতে মান অর্জন একটি গুরুত্বপূর্ণ বিষয়।

০২। সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :-

- ক) প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক মুখ্য আঞ্চলিক কার্যালয়, নারায়নগঞ্জের ২০২০-২০২১ অর্থ বছরের কর্ম পরিকল্পনা প্রণয়ন করে যথাসময়ে দাখিল করতে হবে। কার্যকারণ: মুআকা, নারায়নগঞ্জ।
- খ) অত্র ব্যাংকের ওয়েব সাইটে NIS Tab এর আওতায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ এবং ত্রৈমাসিক ভিত্তিতে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিয়মিত আপলোড করতে হবে।-কার্যকারণ: মুআকা, নারায়নগঞ্জ।
- গ) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২০-২০২১ এ উল্লিখিত সময়সীমার মধ্যে ওয়েব সাইটে প্রকাশের বিষয়ে অধিকতর যত্নবান ও সতর্ক হতে হবে।-কার্যকারণ: মুআকা, নারায়নগঞ্জ।
- ঘ) অঞ্চলাধীন ১৪টি শাখা ব্যবস্থাপকদের নিয়ে তথ্য আদান-প্রদানের জন্য WhatsApp এ একটি গ্রুপ খোলা হয়েছে, যেখানে শাখাসমূহ সবসময় তথ্য আদান-প্রদান করতে পারবে।-কার্যকারণ: সকল শাখা ব্যবস্থাপক মুআকা, নারায়নগঞ্জ।
- ঙ) সরকার ঘোষিত প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ বিতরণ এ ১০০% লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে।-কার্যকারণ: সকল শাখা মুআকা, নারায়নগঞ্জ।
- চ) চলতি মাসে সকল শাখায় গ্রাহকদের সাথে দ্বি-পার্কিক সভা আয়োজন করতে হবে।-কার্যকারণ: সকল শাখা মুআকা, নারায়নগঞ্জ।
- ছ) চলতি মাসে প্রকাশ্যে ও গুণীজনের উপস্থিতিতে ঋণ প্রদান কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে।-কার্যকারণ: বন্দর শাখা, নারায়নগঞ্জ।
- জ) সকলকে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করে নীতি ও নৈতিকতা নিয়ে কাজ করতে হবে।-কার্যকারণ: সকল কর্মকর্তা/কর্মচারী, নারায়নগঞ্জ।

০৩। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ এ উল্লিখিত লক্ষ্যমাত্রার বিপরীতে ত্রৈমাসিক ভিত্তিতে একই ছকে অগ্রগতি প্রতিবেদন: নিয়মিতভাবে নির্ধারিত সময়সীমার মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ ও ওয়েবসাইটে প্রকাশের বিষয়টি নিশ্চিত করতে হবে।

০৪। সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
মোঃ জাহিদ হোসেন

মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিকা, ঢাকা।
- ০৩। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৪। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, নারায়নগঞ্জ।
- ০৫। সকল শাখা ব্যবস্থাপক, নারায়নগঞ্জ মুখ্য অঞ্চল।
- ০৬। নথি।